

**কিছু প্রতিষ্ঠান/সংস্থার নামে সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলা**

১৪ ডিসেম্বর, ২০০২

Ref No. DBOD. Dir. BC. 51/13.03.00/2002-03

সমস্ত বাণিজ্যিক ব্যাংক  
(আঞ্চলিক গ্রামীণ ব্যাংক এবং আঞ্চলিক ব্যাংক বাদে)

মহাশয়,

**কিছু প্রতিষ্ঠান/সংস্থার নামে সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলা**

অনুগ্রহ করে আমাদের ১৭ অক্টোবর, ২০০০ তারিখের বিজ্ঞপ্তি DBOD No. Dir. BC. 35/13.03.00/2000-01 এর, অনুচ্ছেদ ২ দেখুন যা অনুসারে ব্যাংকগুলিকে অনুমতি দেওয়া হয়েছে সরকারি বিভাগ/ সংস্থা/ এজেন্সির নামে সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলার যার উদ্দেশ্য **কেন্দ্রীয় সরকার** দ্বারা পৃষ্ঠপোষকতায় নানান পরিকল্পনা/স্কীম চালু করার জন্য অনুদান/ভর্তুকি ছাড়া। অ্যাকাউন্টগুলি খোলা হয় সম্পর্কিত সরকারী বিভাগের একটি অনুমতিপত্র পেশ করে যেখানে নিশ্চিত করা থাকবে যে ওই সরকারী বিভাগ বা সংস্থাকে সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলার অনুমতি দেওয়া হয়েছে।

২। এ ব্যাপারে আলোচনা করে বর্তমানে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ব্যাংকগুলিকে অনুমতি দেওয়া হবে রাজ্য সরকারের বিভাগ/ সংস্থা/ এজেন্সির নামে সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলার যার উদ্দেশ্য **রাজ্য সরকার** দ্বারা পৃষ্ঠপোষকতায় নানান পরিকল্পনা/স্কীম চালু করার জন্য অনুদান/ভর্তুকি ছাড়া। অ্যাকাউন্টগুলি খোলা যাবে সম্পর্কিত রাজ্য সরকারী বিভাগের একটি অনুমতিপত্র পেশ করে যেখানে নিশ্চিত করা থাকবে যে ওই সরকারী বিভাগ বা সংস্থাকে সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলার অনুমতি দেওয়া হয়েছে। ব্যাংকের উচিত সম্পর্কিত রাষ্ট্রীয় সরকারী বিভাগগুলি দ্বারা প্রদত্ত অনুমতিপত্রের একটি অনুলিপি রেকর্ডে রাখা। এই অনুযায়ী ১১ অগাস্ট, ২০০১ তারিখের নিয়ন্ত্রক নির্দেশিকা DBOD No. Dir. BC. 07/13.03.00/2001-02 এর সংযোজনী ৫-এর বিষয় ৭ এর ধারা পরিবর্তন করা হয়েছে।

৩। ১৪ ডিসেম্বর, ২০০২ তারিখের একটি পরিবর্তিত নির্দেশ, DBOD No. Dir. BC. 50/13.03.00/2002-03 এই সার্কুলারের সাথে যুক্ত করা হল।

৪। অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার করুন।

ইতি ভবদীয়

(এম. আর. শ্রীনিবাসন)

চীফ জেনারেল ম্যানেজার ইন চার্জ

**কিছু প্রতিষ্ঠান/সংস্থার নামে সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলা**

১৪ ডিসেম্বর, ২০০২

Ref No. DBOD.Dir.BC. 50/13.03.00 /2002-03

**কিছু প্রতিষ্ঠান/সংস্থার নামে সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলা**

ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট ১৯৪৯ এর ধারা ২১ এবং ৩৫A দ্বারা অধিকার প্রয়োগ এবং জনসাধারণের হিতের জন্য প্রয়োজন ও সমীচীন মনে করে ভারতীয় রিজার্ভ ব্যাংক সময়ে সময়ে পবিবর্তিত ১১ অগাস্ট, ২০০১ তারিখের মাস্টার ডিরেক্টিভ ডিবিওডি নং ডির.বিসি.০৭/১৩.০৩.০০/২০০১-২ এর পবিবর্তনের মাধ্যমে, এতদ্বারা নির্দেশ দিচ্ছে যে উপরোক্ত ডিরেক্টিভের অ্যানেক্সচার v এর বিষয় ৭ টি নিম্নলিখিত বিষয় দ্বারা এখন থেকে পরিস্থাপিত হোক।

- (৭) কেন্দ্রীয়/রাজ্য সরকার দ্বারা স্পন্সর্ড নানান পরিকল্পনা/স্কীম চালু করার জন্য অনুদান/ভর্তুকি ছাড়ার জন্যে সরকারি বিভাগ/সংস্থা/এজেন্সির নামে সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলা যাবে যদি সম্পর্কিত কেন্দ্রীয়/রাজ্য সরকারী বিভাগের একটি অনুমতিপত্র পেশ করা হয় যেখানে ওই সরকারী বিভাগ বা সংস্থাকে সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলার অনুমতি দেওয়া হয়েছে।

১১ অগাস্ট, ২০০১ তারিখের নির্দেশ DBOD No. Dir. BC. 07/13.03.00/2001-02 র বাকি ধারাগুলি অপরিবর্তিত থাকবে।

(কে.এল. ক্ষেত্রপাল)  
এক্সিকিউটিভ ডিরেক্টর